রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ২৫, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**বন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জানুয়ারি ২০১৫ খ্রিঃ

**নং পবম/(বঃশা-১)/০৪/২০১২/১৪**—যেহেতু সরকার ১৯২৭ সনের বন আইন (১৯২৭ সনের ১৬নং আইন) এর ৪ ধারার বিধান মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের (বন, মৎস্য ও পশুসম্পদ বিভাগ) প্রজ্ঞাপন নং ১/ফর-৮৩-৭৫/ ৫৩৯, তারিখ ২৪শে মার্চ ১৯৭৭ ও ১২/ফর-১-১৪/২০, তারিখ ১১ই জানুয়ারি ১৯৮৬ইং মূলে তফসিলে বর্ণিত ভূমিকে সংরক্ষিত বন গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উক্ত ভূমির অবস্থান ও সীমানা নির্দিষ্ট করিয়াছেন। উক্ত ভূমির সীমানার মধ্যে বা উপরে কোন ব্যক্তির অনুকূলে উক্ত ভূমিতে বা এর বনজদ্রব্যের উপর কোন স্বত্ব বা অধিকার আছে কি না বা থাকিলে উহার প্রকৃতি ও বিস্তৃতি নির্ধারণ এবং তদন্ত করিবার জন্য ফরেস্ট সেটেলমেন্ট অফিসার নিয়োগ করিয়াছিলেন ;

যেহেতু একই আইনের ৬ ধারার বিধানমতে জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা (রাজস্ব শাখা) এর স্মারক নং ৩১.১০.০৪০০.১১১.১৬.২৮৬.১১-৭১৩, তারিখ ১ আগস্ট, ২০১২ ইং জারী করিয়া ২২°-১০´ উত্তর হইতে ২১°-০০´ উত্তর বিস্তার (অক্ষাংশ) ও ৮৯°-৫৫´ হইতে ৯০°-০৫´ পূর্ব উন্নতির (দ্রাঘিমাংশ) বনভূমির অবস্থান ও সীমানা নির্দিষ্ট করিয়া বনটি সংরক্ষিত বনভূমি ঘোষণা করা হইলে উহার ফলাফল কি হইবে তাহা ব্যাখ্যা করিয়া উক্ত বনভূমিতে কাহারো কোন স্বত্ব বা অধিকার থাকিলে তাহা উপস্থাপন করার জন্য সময় নির্ধারণ করিয়া লিখিত ইস্তেহার জারি করা হইয়াছিল এবং যেহেতু একই আইনের ২০(১) (ক) ধারামতে দাবীসমূহ পেশ করিবার জন্য ৬ ধারা মোতাবেক নির্দিষ্ট সময় অতিক্রান্ত হইয়াছে এবং ৬ ধারা মোতাবেক নির্দিষ্ট সময়ে দাবী পেশ না করিবার কারণে সকল স্বত্ব/অধিকার (যদি থাকে) বিলোপ ঘটিয়াছে ;

সেহেতু নিম্ন তফসিল বর্ণিত ভূমি ১৯২৭ সনের বন আইন (১৯২৭ সনের ১৬নং আইন) এর ২০(১)(গ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারী হওয়ার তারিখ হইতে "সংরক্ষিত বনভূমি" (Reserved Forest) বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা করা হইল ঃ



**মূল্য ঃ** টাকা ৪.০০

**তফসিল**

| ক্রঃ নং | বন বিভাগ/ রেঞ্জের নাম | জেলার নাম | উপজেলার নাম | মৌজার/ চরের নাম | জে,এল নং | এস, এ খতিয়ান নং | দাগ নং | পেরিফেরি/চৌহদ্দি | জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী এসএফএনটিসি, বরগুনা | বরগুনা | বরগুনা সদর | গুলিশাখালী | ২ | ১ | ১৯৮৯ | উত্তরে-গুলিশাখালী ১নং সীট<br>দক্ষিণে-বাওয়ালকর খাল<br>পূর্বে-আবাদি জমি<br>পশ্চিমে-বিষখালী নদী | ৪৫.৫৪ |
| ২ | | | | বাওয়ালকর | ৩ | ১ | ৩২০৭ | উত্তরে-বাওয়ালকর খাল<br>দক্ষিণে-খাকদোন নদী<br>পূর্বে-আবাদি জমি<br>পশ্চিমে-বিষখালী নদী | ১৪২.৫৬ |
| ৩ | | | | খাজুরা | ৫০ | ১ | ২৬৭৭ | উত্তরে-খাকদোন নদী<br>দক্ষিণে-বিষখালী নদী<br>পূর্বে-আবাদি জমি<br>পশ্চিমে-বিষখালী নদী | ৬৭.৫০ |
| ৪ | | | | নাপিতখালী | ২৫ | ১ | ৪৩৮০<br>৪৩৮১ | উত্তরে-আবাদি জমি<br>দক্ষিণে-পায়রা নদী<br>পূর্বে-নাপিতখালীর খাল<br>পশ্চিমে-ছোট লবণগোলার খাল | ৩২.৫০ |
| ৫ | | | | ছোট লবণগোলা | ২৬ | ১ | ২৪৭৮<br>২৪৭৯ | উত্তরে-আবাদি জমি<br>দক্ষিণে-পায়রা নদী<br>পূর্বে-ছোট লবণগোলার খাল<br>পশ্চিমে-রেকর্ডীয় খাল | ৬৯.০৫ |
| ৬ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী এসএফএনটিসি, বরগুনা পাথরঘাটা রেঞ্জ | | | গাজী মামুদ | ৪০ | ১ | ১০৬৯-১১২২<br>১১৩০-১১৬৪ | উত্তরে-আকনের খাল<br>দক্ষিণে-বিষখালী নদী<br>পূর্বে-আবাদি জমি<br>পশ্চিমে-বিষখালী নদী | ৮০.০৩ |
| ৭ | | | | পদ্মা | ৪২ | ১ | ১০৭৪ | উত্তরে-আবাদি জমি<br>দক্ষিণে-বিষখালী নদী<br>পূর্বে-পালেরবালিয়া-তলী বন<br>পশ্চিমে-কুমিরমারা বন | ৫৪৬.৭৫ |
| ৮ | | | | পালের বালিয়াতলী | ৪৭ | ১ | ১৫৪৭ | উত্তরে-আবাদি জমি<br>দক্ষিণে-পায়রা নদী<br>পূর্বে-পায়রা নদী<br>পশ্চিমে-সংরক্ষিত বন | ৭৪.০৬ |
| | | | | | | | | বরগুণা সদর উপজেলার মোট | ১০৫৭.৯৯ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী পাথরঘাটা রেঞ্জ | বরগুণা | পাথরঘাটা | ঘুটাবাছা | ১২ | ১ | ৩৫০১ | উত্তরে-আবাদি জমি দক্ষিণে-উত্তরণ আবাসন প্রকল্প পূর্বে-বিষখালী নদী পশ্চিমে-উত্তরণ আবাসন প্রকল্প সংলগ্ন ওয়াপদা বেড়িবাঁধের ১০ ফুট প্রস্থ পাকা রাস্তার পূর্ব প্রান্ত হতে সোজাসুজি পূর্ব দিকে ৩৬২ ফুট পর হতে আরম্ভ এবং খেলার মাঠের ওয়াপদা বেড়িবাঁদের প্রস্থ ১০ ফুট পাকা রাস্তার পূর্ব প্রান্ত হতে সোজাসুজি পূর্ব দিকে ৪১০ ফুট পর থেকে আরম্ভ | ৩৫.৫০ |
| ১০ | | | | বড় পাথরঘাটা | ১১ | ১ | ১২০১ | উত্তরে-আবাদি জমি দক্ষিণে-খাল পূর্বে-বিষখালী নদী পশ্চিমে-ওয়াপদার রাস্তা | ২৪০.০০ |
| ১১ | | | | বাইনচটকি | ৬ | ১ | ২৫৪৫-২৬৭৫ | উত্তরে-বিষখালী নদী দক্ষিণে-বিষখালী নদী পূর্বে-বিষখালী নদী পশ্চিমে-বিষখালী নদী | ২০০.০০ |
| ১২ | | | | পদ্মা | ৩৩ | ১ | ৫০১ | উত্তরে-বলেশ্বর নদী দক্ষিণে-বলেশ্বর নদী পূর্বে-বলেশ্বর নদী পশ্চিমে-বলেশ্বর নদী | ৮০.১০ |
| ১৩ | | | | তাফালবাড়িয়া | ২৩ | ১ | ১০৬১ | উত্তরে-বলেশ্বর নদী দক্ষিণে-বলেশ্বর নদী পূর্বে-বলেশ্বর নদী পশ্চিমে-বলেশ্বর নদী | ৭০০.০০ |
| | | | | | | | | পাথরঘাটা উপজেলার মোট | ১২৫৫.৬০ |
| ১৪ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী আমতলী রেঞ্জ | বরগুণা | আমতলী | বড় বগী | ৪৪ | ১ | ৯৬০৩ | উত্তরে-কাজী খোলা দক্ষিণে-নিশানবাড়িয়া, সকিনা খাল পূর্বে-আন্দারমানিক নদী পশ্চিমে-ওয়াপদার বেড়িবাঁধ | ১০০.৩১ |
| ১৫ | | | | বড় বগী | ৪৪ | ১ | ৯৬০২ | উত্তরে-বেড়িবাঁধ দক্ষিণে-আন্দারমানিক বন পূর্বে-আন্দারমানিক নদী পশ্চিমে-ওয়াপদার বেড়িবাঁধ | ৩৪৩.০০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী আমতলী রেঞ্জ | বরগুণা | আমতলী | বড় বগী | ৪৪ | ১ | ৯৬০১ | উত্তরে-বড়বগী খাল<br>দক্ষিণে-আবাদি জমি<br>পূর্বে-আন্দারমানিক নদী<br>পশ্চিমে-ওয়াপদা বেড়িবাঁধ | ৩৬.৫০ |
| ১৭ | | | | বড় নিশানবাড়িয়া | ৪২ | ১ | ৪২০২-৪২০৮ | উত্তরে-নলবুনিয়ার সংরক্ষিত বন<br>দক্ষিণে-বড় নিশানবাড়িয়া বন<br>পূর্বে-ওয়াপদা বেড়িবাঁধ<br>পশ্চিমে-বঙ্গোপসাগর | ১৫০.০০ |
| ১৮ | | | | বড় নিশানবাড়িয়া | ৪২ | ১ | ৪৩০১ | উত্তরে-মরানিদ্রা বন<br>দক্ষিণে-সখিনা খাল<br>পূর্বে-ওয়াপদা বেড়িবাঁধ<br>পশ্চিমে-বঙ্গোপসাগর | ২৫০.০০ |
| ১৯ | | | | টেংরাগিরি চক (ফাতরার বন) | ৪৩ | ১ | ৫ | উত্তরে-সখিনার খাল<br>দক্ষিণে-বঙ্গোপসাগর<br>পূর্বে-আন্দারমানিক নদী<br>পশ্চিমে-ফাতরার সংরক্ষিত বন | ৪৪০.০০ |
| ২০ | | | | টেংরাগিরি চক (সকিনার চর) | ৪৩ | ১ | ২ | উত্তরে-সখিনার খাল<br>দক্ষিণে-বঙ্গোপসাগর<br>পূর্বে-ফাতরার সংরক্ষিত বন<br>পশ্চিমে-বঙ্গোপসাগর | ৩৫০.০০ |
| ২১ | | | | শারিকখালী | ৪৬ | ১ | ৩৭৫৬<br>২৮০৬ | উত্তরে-ওয়াপদা বেড়িবাঁধ<br>দক্ষিণে-আন্দারমানিক নদী<br>পূর্বে-চাকামইয়া দোন<br>পশ্চিমে-ওয়াপদা | ২০০.০০ |
| | | | | | | | | আমতলী উপজেলার মোট= | ১৮৬৯.৮১ |
| | | | | | | | | বরগুণা জেলার সর্বমোট= | ৪১৮৩.৪০ |

এ প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd